50

তারিখ 03 DEC 1997
পৃষ্ঠা ৫ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

## সরকারী উচ্চ বিদ্যালয় পরিদর্শন প্রসঙ্গে

সরকারী উচ্চ বিদ্যালয়গুলি সাধারণতঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর ও অধিদপ্তর কর্তৃপক্ষ পরিদর্শন করিয়া থাকেন এবং বেসরকারী উচ্চ বিদ্যালয়গুলির পরিদর্শনের দায়িত্ব জেলা শিক্ষা অফিসারের উপর ন্যস্ত। কিন্তু ইদানীং গ্রাম এলাকার সরকারী উচ্চ বিদ্যালয়গুলিতে জেলা শিক্ষা অফিসারের সাথে সাথে থানা প্রজেক্ট ম্যানেজার (উপবৃত্তি)গণ এমনকি সহকারী থানা প্রজেক্ট ম্যানেজারগণও পরিদর্শনে আসিতে শুরু করিয়াছেন। এই বিষয়ে শিক্ষা অধিদপ্তর ও পরিদপ্তর হইতে কোন নির্দেশনামা না পাওয়ায় প্রধান শিক্ষকগণ বিপাকে পড়িয়াছেন। তদুপরি, অনেক স্থানে প্রজেক্ট ম্যানেজার এবং সহকারী থানা প্রজেক্ট ম্যানেজারগণ কোন পূর্ব অবগতি ছাড়াই আকস্মিকভাবে বিদ্যালয়ে উপস্থিত হইয়া সরাসরি বিভিন্ন শ্রেণীকক্ষে ঢুকিয়া পড়েন এবং ছাত্র-ছাত্রিগণকে নানা রকম প্রশ্ন জিজ্ঞাসা করিতে থাকেন। ইহাতে স্কুলের স্বাভাবিক কার্যক্রম দারুণভাবে ব্যাহত হয়। তাহাছাড়া বিনানুমতিতে ক্লাসে ঢুকিলে তাহাতে কি শিক্ষকগণকে অবমাননা করা হয় না? বিষয়টির প্রতি উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—প্রণব কুমার দেব; সরকারী শিক্ষক, হাতিয়া শহর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, হাতিয়া, নোয়াখালী।